| |
|---|
| **EFD/SDC তে VAT দিন**<br>**লটারীর কুপন বুঝে নিন**<br>প্রতি মাসে লটারীতে রয়েছে ১ [এক] লক্ষ থেকে ১০ [দশ] হাজার টাকার পুরস্কার |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর), ঢাকা**
বাড়ী নং-২১, রোড নং-২৭, সেক্টর-০৭
উত্তরা, ঢাকা-১২৩০।
[E-mail: commdkn@yahoo.com]

**"উন্নয়নের ভ্যাট নীতি ভ্যাট দিয়ে গড়ব জাতি"**

রেজিঃ ডাকযোগে/বাহক মারফত/ই-মেইল যোগে

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ (২১৯)/আর কে নীট/অব্যাঃ/২০২১/৯১৭ তারিখ: ১৬/৬/২০২৪ খ্রিঃ।

## আদেশ

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ (মূল্য সংযোজন কর) এর প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তাং-২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী **আর কে নীট ডাইং মিলস লিমিটেড, মূসক নিবন্ধন নম্বর-০০০২০৭০৪৮-০১০৩ [ইউনিট-১ঃ জিরানী বাজার, কাশিমপুর, জয়দেবপুর, গাজীপুর এবং ইউনিট-২ঃ বঙ্গবন্ধু রোড, টঙ্গাবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা]** নামীয় প্রতিষ্ঠানটি রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের প্রতিষ্ঠানের রপ্তানী কাজে ব্যবহৃত বিদ্যুৎ (অব্যাহতিপ্রাপ্ত বিদ্যুৎ মিটার-১৪০৪৫০২৩ এর পরিবের্ত প্রতিস্থাপিত বিদ্যুৎ মিটার-১৭৪০১১৮৬ এবং সংযোজিত বিদ্যুৎ মিটার-১৪০৪৪৯৭৩) বিলের উপর নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি চেয়ে এ দপ্তরে আবেদন করেন। উক্ত প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী আবেদনপত্রে বর্ণিত বিষয়টি বিবেচনাযোগ্য কি-না তা সবিস্তারে তদন্ত/পরীক্ষা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সমনথির পত্র নং-৩৭৭৮(৫), তারিখঃ ০৯/০১/২০২৪ খ্রিঃ এর মাধ্যমে জনাব নিতীশ বিশ্বাস, ডেপুটি কমিশনার; জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, রাজস্ব কর্মকর্তা এবং জনাব মোঃ ঈমাম উদ্দিন, সহকারী রাজস্ব কর্মকর্তা এর সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হয়।

২। তদন্ত কমিটি গত ২৩/০৫/২০২৪ খ্রিঃ তারিখ আলোচ্য প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন করেন এবং ০৯/০৬/২০২৪ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, প্রতিষ্ঠানটি জুলাই, ২০২৩ খ্রিঃ হতে এপ্রিল, ২০২৪ খ্রিঃ পর্যন্ত সময়ে উৎসে মূসক বাবদ ১২,৬৬,২১৩/-(বার লক্ষ ছিষট্টি হাজার দুইশত তের) টাকা সরকারী কোষাগারে জমা প্রদান করেছে এবং প্রতিষ্ঠানটি নিয়মিত দাখিলপত্র দাখিল করে। এছাড়া, প্রতিষ্ঠানটির রপ্তানীর বিপরীতে মে, ২০২৩ খ্রিঃ হতে এপ্রিল, ২০২৪ খ্রিঃ পর্যন্ত সময়ে প্রত্যাবসিত বৈদেশিক মুদ্রার পরিমাণ ২,৬৬,৬৭,৮৯০.৯৫ মার্কিন ডলার। পরিশেষে তদন্ত দল উল্লেখিত টেবিল-১ এ বর্ণিত বিদ্যুৎ বিলের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখ-১৩/০৬/২০১৯ খ্রিঃ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ: ২৬/০৯/২০১৯ খ্রিঃ অনুযায়ী নির্ধারিত হারে অব্যাহতি দেয়া যেতে পারে মর্মে অভিমত প্রদান করেছেন।

৩। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের ভিত্তিতে এবং সংশ্লিষ্ট প্রজ্ঞাপন ও আদেশ অনুযায়ী **আর কে নীট ডাইং মিলস লিমিটেড, মূসক নিবন্ধন নম্বর-০০০২০৭০৪৮-০১০৩ [ইউনিট-১ঃ জিরানী বাজার, কাশিমপুর, জয়দেবপুর, গাজীপুর এবং ইউনিট-২ঃ বঙ্গবন্ধু রোড, টঙ্গাবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা]** নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নোক্ত টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) অনুচ্ছেদ-০৪ এ বর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো:-

টেবিল-১

| শিরোনামা সংখ্যা | সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড | পণ্য/সেবার বিবরণ | মিটার নম্বর | গ্রাহক সংকেত নম্বর | মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতির হার |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| S057 | S057.00 | বিদ্যুৎ বিতরণকারী | ১৭৪০১১৮৬ | ১০০১১০০৮০১০০৫ | ১০০% |
| | | | ১৪০৪৪৯৭৩ | ১০০১০৭০০৬১০৪৩ | |

৪। শর্তসমূহ

ক. মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এইরূপে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ কর মেয়াদ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

খ. স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয় প্রতি মাসে এইরূপ সুবিধাভোগী প্রতিষ্ঠানের তথ্য বিবরণী পরিশিষ্ট-খ এ বর্ণিত ছকে মূল্য সংযোজন কর, বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবেন।

গ. বিভাগীয় কর্মকর্তা, মূল্য সংযোজন কর, উক্তরূপ মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পেলে উক্ত অসামঞ্জস্যতা এর বিষয়ে কারণ দর্শানো নোটিশ ও যথাযথ শুনানীর সুযোগ প্রদানপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে কমিশনারের নিকট অব্যাহতির সুবিধা বাতিলের সুপারিশ করলে কমিশনার প্রয়োজনে শুনানী গ্রহণপূর্বক তা বাতিল করতে পারবেন।

ঘ. টেবিলে বর্ণিত সেবার ক্ষেত্রে বা অত্র আদেশে বর্ণিত কোন শর্তের ব্যত্যয় ঘটলে এ দপ্তরকে অবিলম্বে তা অবহিত করে সংশোধনী আদেশ গ্রহণ করতে হবে; এবং

ঙ. এ আদেশ **জুন, ২০২৪ খ্রিঃ** মাসের বিল হতে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

চ. উল্লেখ্য, সমনথির পত্র নং-৩৭০৫(৯), তারিখ: ২৬/০৯/২০২১ খ্রিঃ এর মাধ্যমে বিদ্যুৎ মিটার-১৪০৪৫০২৩ এর বিপরীতে প্রদত্ত অব্যাহতি সুবিধা বাতিল করা হলো।

১৬/০৬/২৪

মোহাম্মদ নেয়াজুর রহমান
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোন: ০২-৪৮৯৫৮১১৫
ই-মেইল: commdkn@gmail.com

নথি নং-ঢাকা উত্তর/মূসক বাস্তঃ (২১৯)/আর কে নীট/অব্যাঃ/২০২১/৯১৭(৭) তারিখ: ১৬/৬/২০২৪ খ্রিঃ।

<u>অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো</u> ঃ

১। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ৩২, তোপখানা রোড, চট্টগ্রাম সমিতি ভবন, ঢাকা।

২। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর বিভাগ। জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯, তারিখ-২৬/০৯/২০১৯ খ্রিঃ এর অনুচ্ছেদ নং-৩, ৪ ও ৫ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য এবং নির্দেশ অনুযায়ী প্রতি মাসের একটি সমন্বিত প্রতিবেদন পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। একই সাথে প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।

৩। দ্বিতীয় সচিব (মূসক বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।

৪। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।

৫। সহকারী প্রোগ্রামার, কাস্টমস্ এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো)।

৬। ডেপুটি জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, জিরানী বাজার সাব-জোনাল অফিস।

৭। ডেপুটি জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১, আশুলিয়া জোনাল অফিস।

৮। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট, গাজীপুর সার্কেল-২। তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।

৯। ব্যবস্থাপনা পরিচালক, **আর কে নীট ডাইং মিলস লিমিটেড, মূসক নিবন্ধন নম্বর-০০০২০৭০৪৮-০১০৩ [ইউনিট-১ঃ জিরানী বাজার, কাশিমপুর, জয়দেবপুর, গাজীপুর এবং ইউনিট-২ঃ বঙ্গবন্ধু রোড, টঙ্গাবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা]**।

১৬/০৬/২০২৪

নিতীশ বিশ্বাস
ডেপুটি কমিশনার